

মহালয়া

“হাওয়ায় কেমন একটা পুজো-পুজো গন্ধ, টের পাচ্ছিস?”

“গন্ধ? সে তো এয়ার-ফ্রেশনার্-এর। রোজই থাকে।”

“ধ্যাত্তেরি! এই ডোম-এর বাইরেও একটা জগৎ রয়েছে - সে খেয়াল আছে?”

“বাইরে? সেখানে আর কতটুকু হাওয়া? শঁকতে গেলে খাবি খেয়ে মরবি!” - বলেই খ্যাঁকখ্যেঁকিয়ে হাসি।

এই বেরসিকের সাথে কথা বাড়িয়ে লাভ নেই। বরং তাড়াতাড়ি হাতের কাজগুলো সেরে ফেলি। তারপর গুছিয়ে বসে রেডিয়োতে বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র শুনবা। ১৯ মিনিট দেরীতে যদিও, তবু - মহালয়া তো!

২১ সেপ্টেম্বর, ২০২৫ ॥

স্টেশন লোহিত (ভারতীয় গবেষণা কেন্দ্র),

প্রোটোনিলাস মেগ্নি,

ইস্মেনিয়াস লেকাস চতুষ্কোণ (এম-সি-০৫),

মঙ্গল ॥

~~~~ ~~~~~

© Gogol Ghoshal